

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির জুন/২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার তারিখ ও সময়ঃ ০৫ জুন, ২০২২ খ্রিঃ, ১১.০০ ঘটিকায়।
সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” এ সংযোজিত)

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী কোন সংশোধন/সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিষয়ঃ- মা ও শিশু সহায়তা কর্মসূচি সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, উপজেলা পর্যায়ে মাতৃকাল কার্যক্রম ও ল্যাকটেটিং ভাতা কার্যক্রম সমাপ্ত করে জুলাই/২০২২ হতে মা ও শিশু সহায়তা কর্মসূচি শুরু করার নির্দেশনা পাওয়া গিয়েছে। মাতৃকাল কার্যক্রমের আওতায় যারা ভাতা পাচ্ছেন তাদের ৩ বছর সমাপ্ত পর্যন্ত ভাতা মোবাইল ব্যাংকিং এ পেয়ে যাবেন। জুলাই/২০২২ হতে প্রতি মাতে ২০ হতে ২৫ জন ভাতাভোগী অনলাইনে আবেদন করতে পারবে। প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে যাচাই বাছাই সমাপ্ত করে উপজেলা পর্যায়ে অনুমোদন দেয়া হবে। ২৭ তারিখে প্রে-রোল তৈরী করা হবে। উক্ত বিষয়টি গজারিয়াবাসীর জন্য বিভিন্ন ধরনের প্রচারনার ব্যবস্থা করা যেতে পারে এ বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়নে ব্যাপক প্রচারনার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ সদস্যবৃন্দ।

বিষয়ঃ- প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, সদর কার্যালয়ের নির্দেশনা মতে জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ১৬তম ও ১৭তম ব্যাচে ফ্যাশন ডিজাইন কোর্সে ৫০ জন ও বিউটিফিকেশন কোর্সে ৫০ জন করে মোট ১০০ জনের ভর্তি বিজ্ঞপ্তির বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- ১২ জুন/২০২২ হতে ১০০ জন প্রশিক্ষণার্থী ভর্তির বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

বিষয়ঃ- ক্ষুদ্রঋণ সংক্রান্ত আলোচনা।

আলোচনাঃ- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, APA এর চুক্তি অনুযায়ী ডিসেম্বর/২০২১ মাসে ৩৫ জনকে ঋণ প্রদান করা হয়। বাকী ১৫ জনের জন্য আবেদন আহ্বান করা হলে ৫০ জনের আবেদন জমা হয়। পর্যাপ্ত পরিমাণ অর্থ ব্যাংক এ জমা থাকায় ৪১ জনের মাঝে ৪১০০০০/- টাকা বিতরণ বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ- ৪১ জনের মাঝে ৪১০০০০/- টাকা বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(খাদিজা আক্তার)

ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ

ও

সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

গজারিয়া, মুন্সীগঞ্জ।

তারিখঃ- ০৫/০৬/২০২২ খ্রিঃ

স্মারক নং:-৩২.০১.৫৯২৪.০০০.৩৩.০০১.২০১৭- ২০৪(ক)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিস, গজারিয়া, মুন্সীগঞ্জ।
২. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪. অফিস কপি।


(রুমজামা আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,

ও

সদস্য সচিব

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

গজারিয়া, মুন্সীগঞ্জ।

E-mail: waogazaria@gmail.com